



# রাজপুর-সোনারপুর পৌরসভা

হরিনাড়ী, দণ্ড ২৪ পরগণা, কলকাতা-১৪৮, ফোনঃ ২৪৭৭-৯২৪৫

## ।। পৌর নাগরিকগণের প্রতি আবেদন ।।

**Solid Waste Management Rules, 2016** এবং পৌরসভার উপবিধি-২০১৮ অনুসারে মনে রাখবেন —

পৌর এলাকায় কেন ফীকা জায়গায় বা ড্রেনের মধ্যে বাড়ীর আবর্জনা ফেলবেন না। জৈব ও অজৈব আবর্জনা অবশ্যই আলাদা ভাবে পৌরসভার ভ্যানে ফেলুন।

বাড়ীর জঙ্গল, গাছের ডাল-পালা কেটে রাস্তার ধারে, ড্রেনের মধ্যে ফেলবেন না। আগে থেকে পৌরসভাকে জানালে নিমিট্ট খরচে পৌরসভা গাড়ীর ব্যবস্থা করবে।

আপনার বাণিজ্যিক প্রতিষ্ঠানের আবর্জনা আলাদা করে রাখুন। নিমিট্ট খরচের বিনিময়ে পৌরসভার কর্মীরা সেগুলো নিয়ে আসবেন। পৌর এলাকায় অবস্থিত সকল বে-সরকারী, ব্যক্তিগত মালিকানাধীন এবং রাস্তার ধারে বসা বাজারের আবর্জনা নিজ নিজ পাশে রাখবেন। পৌরসভা নির্জরিত নিমিট্ট খরচের বিনিময়ে পৌরসভার কর্মীরা সেগুলো নিয়ে আসবেন।

যে সমস্ত বহুতল আবাসন এবং প্রতিষ্ঠান যেখানে প্রতিদিন ২০০ কিলোগ্রামের বেশী আবর্জনা তৈরী হয়, সেই সমস্ত বহুতল আবাসন এবং প্রতিষ্ঠানকে নিজস্ব ব্যয় ও দায়িত্বে নিজ আবর্জনা সংগ্রহ ও তার প্রক্রিয়াকরণ এবং অপসারণ করতে হবে।

যাঁরা ঘুরে ঘুরে ফার্মফুড, চা-কচুরী, ডাব, ফুচকা, মাছ, সবজী বিক্রী করেন তাঁরা কাগজ বা শালপাতার বাটি, কাগজের কাপ, ডাবের খেলা, মাছের আশ, সবজীর অংশ নর্দমা বা রাস্তায় ফেলবেন না।

পুঁজোর ফুল, বেলপাতা, পুকুরে বা গঙ্গায় ফেললেই পৃথ্বী হয় না, বরং এটি সামাজিক অপরাধ।

ব্যক্তিগত মালিকানাধীন পুকুরগুলিকে নিজস্ব ব্যয় ও দায়িত্বে পরিকার রাখতে হবে যাতে পতঙ্গবাহিত রোগ শহরে ছড়িয়ে না পরোচ্চে। নাশ্নাল গ্রীণ ট্রাইবুনাল (NGT) -এর এই নির্দেশ সবাইকে ঘেনে চলতে অনুরোধ করা হচ্ছে। নিয়ম ভঙ্গকারীদের বিকলে পৌরসভা আইনগতভাবে ব্যবস্থা গ্রহণ করবে। থায়োজনে জেল ও জরিমানা উভয়ই হতে পারে।

**Plastic Waste Management Rules, 2016** এবং পৌরসভার উপবিধি-২০১৮ অনুসারে মনে রাখবেন —

রাজ্য দৃষ্টি নিয়ন্ত্রণ পর্যবেক্ষণ সংস্থা নিষিদ্ধ প্লাস্টিক দ্রব্যের অভিশাপ থেকে রাজপুর-সোনারপুর পৌরসভাকে মুক্ত করার উদ্দেশ্যে সর্বসাধারণকে জানানো যাচ্ছে যে, পৌর এলাকায় ৫০ মাইক্রন-এর কম পুরু প্লাস্টিক ক্যারী ব্যাগ মনুদ, বিক্রয়, ব্যবহার, বহন করা ইং ৩১/০৮/২০১৮ তারিখ থেকে নিষিদ্ধ করা হচ্ছে। ব্যবহারযোগ্য প্লাস্টিক ক্যারী ব্যাগ -এ অবশ্যই প্রস্ততকারকের নাম, ঠিকানা ও বিবরণ থাকতে হবে। ব্যাগ নিয়ে বাজারে বা দোকানে যান। দোকানীর কাছ থেকে প্লাস্টিক ক্যারী ব্যাগ ঢেয়ে আইন ভঙ্গ করবেন না।

এই নির্দেশ অমান্য করলে মনুদকারক, বিক্রেত, দোকানদারদের ক্ষেত্রে ৫০০.০০ টাকা জরিমানা এবং ব্যবহারকারীর ক্ষেত্রে ৫০.০০ টাকা জরিমানা ধর্যা করা হবে।

অনুষ্ঠান বাড়িতে ধার্মকল-এর থালা, বাটি, প্লাস্টিক চা -এর দোকানে প্লাস্টিক কাপ ব্যবহার নিষিদ্ধ করা হচ্ছে।

কেন রকমের প্লাস্টিক ও ধার্মকল না পোড়ানোর জন্য নাগরিকগণের কাছে আবেদন করা হচ্ছে।

মহামান্য সুন্দীপ কোটের নির্দেশ অনুসারে গুটকা, পান মশালা জাতীয় মশালাগুলি ছেট (Sassy) প্লাস্টিক প্যাকেট-এ বিক্রয় করা পৌর এলাকায় নিষিদ্ধ করা হচ্ছে। আইন ভঙ্গকারী দোকানের Licence বাতিল করা হবে এবং উক্ত দোকানদারের বিকলে থানায় F.I.R. করা হবে।

আগামী ইং ৫ই জুন, ২০১৯ তারিখে পরিবেশ মিম্বসে রাজ্য সরকার দ্বারা নিষিদ্ধ সকল রকমের প্লাস্টিক দ্রব্য থেকে পৌরসভাকে মুক্ত করার উদ্দেশ্যে সকল তত্ত্বাবধি সম্পর্ক নাগরিককে দায়িত্ব নিতে অনুরোধ করা হচ্ছে।

(ডঃ পল্লব দাস)

পৌরপ্রথমান

রাজপুর-সোনারপুর পৌরসভা

তারিখ : ১৪/০৩/২০২০